



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ জুন ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

### রাঙামাটির নানিয়াচরে পাহাড় ধসে নিহতের ঘটনায় শোক প্রকাশ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর সভাপতি প্রসিত বিকাশ খীসা আজ ১২ জুন ২০১৮ মঙ্গলবার এক বিবৃতিতে রাঙামাটি জেলার নানিয়াচরে অতি বৃষ্টির কারণে সৃষ্ট পাহাড় ধসে ১১ জনের প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন এবং ক্ষতিগ্রস্ত শোকসন্তপ্ত পরিবারগুলোর প্রতি সমবেদনা জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, নির্বিচারে বৃক্ষ নিধন ও প্রাকৃতিক সম্পদ ধ্বংস, সেটলারদের আগমনের কারণে জনসংখ্যার মাত্রাতিরিক্ত বৃদ্ধি ও তাতে পরিবেশের ওপর বিরূপ প্রভাব এবং প্রশাসনের দুর্নীতি ইত্যাদি কারণে বর্ষা মৌসুমে পাহাড় ধসে নিরীহ মানুষের মৃত্যু পার্বত্য চট্টগ্রামে প্রতিবছরের ঘটনা হয়ে দাঁড়িয়েছে।

এছাড়া প্রতি বছর মাঝারি ধরনের বৃষ্টি হলেও খাগড়াছড়িসহ বিভিন্ন জায়গায় বন্যা দেখা দিচ্ছে এবং এতে নিরীহ মানুষকে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে বলে তিনি মন্তব্য করেন।

ইউপিডিএফ প্রধান অবিলম্বে পার্বত্য চট্টগ্রামে পাহাড় ধস রোধে দীর্ঘ মেয়াদি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

তিনি পাহাড় ধসে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে যথাযথ পুনর্বাসন ও ক্ষতিপূরণ প্রদানের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।